

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ রোকেয়া বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ২৮/০৬/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	চেয়ারম্যান, পাট্টা ইউ.পি বলেন, প্রত্যেক মানুষের কাছে সবচাইতে প্রিয় তার মা। জন্মের পর মাই তার সন্দ্ব নিকে পরম যত্নে বুকে তুলে নেন। অনেক ক্ষেত্রে নিজে না খেয়েও তাদের শিশুর মুখে খাবার তুলে দেন। সেই মায়ের পুষ্টি, স্বাস্থ্য রক্ষায় দেশ, রাষ্ট্র, সমাজ ও পরিবারকে অবশ্যই এগিয়ে আসতে হবে। সারা দেশের হত দরিদ্র পরিবারের মায়েরা যাতে শৈশবেই মা হওয়ার মত বিপর্যয়ের মুখোমুখি না হয় সেদিকেও গুরুত্ব দিতে হবে। আর যারা ওই বয়সেই দুর্ভাগ্যজনকভাবে মা হয়ে গেছেন তারা যেন অপুষ্টিতে না ভোগে সেদিকেও খেয়াল রাখতে হবে। মাতৃত্বকালীন ভাতার মাধ্যমে একজন মাকে সাড়ে তিনশত টাকা দিয়ে সম্মান করা হয়। তা যৎসামা। হতদরিদ্র মায়েরা কিছুটা হলেও পুষ্টির অভাব পূরণ করতে পারেন। চেয়ারম্যান, মাছপাড়া, ইউ.পি বলেন দরিদ্রতার কারণে অত্র এলাকার মায়েরা অল্প বয়সে বিয়ে দিয়ে দেয় তার অভিভাবক। বাল্যবিয়ের কারণে বছর না ঘুরতেই মা হয়ে যায় তারা। সেসঙ্গে বাড়তে থাকে তাদের সন্দ্বনের সংখ্যাও। রুগ্ন ও অপুষ্টিজনিত কারণে অস্থির মায়েরা ছয় থেকে সাতটি পুষ্টিহীন সন্তান লাভ করেন। এভাবে তারা বেড়ে ওঠে। কাঁটে তাদের শৈশব। আর উনিশ-বিশ বছরের কিশোরী মা কুড়িতেই বুড়ি হয়ে যায়। এসব মায়ের জন্য দরকার সুবিবেচিত বাজেট। বাড়ানো দরকার মাতৃত্বকালীন ভাতার বরাদ্দ। আলোচনায় নারীর উন্নয়নে প্রথমে উঠে আসে যে কথাটি, তা হলো আমাদের কাছের মানুষ, প্রিয় মানুষ মা। মা কথাটি যুক্ত হয়ে এক ভিন্ন মাত্রা যোগ হয়েছে। হত দরিদ্র মায়েরা সামাজিক নিরাপত্তার বলয় তৈরি করা হয়েছে মাতৃত্বকালীন ভাতা দিয়ে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। চেয়ারম্যান, কালিমহর ইউনিয়নের প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ রোকেয়া বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা।
তারিখঃ ২৮/০৬/২০২২

- স্মারক নং- মহিলা ও শিশু /পাংশ/ ২০২২- ২৪৩
- অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
 - ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
 - ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা রাজবাড়ী।
 - ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা রাজবাড়ী।
 - ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, রাজবাড়ী।
 - ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা রাজবাড়ী।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পাংশা, রাজবাড়ী